দৈনিক
ইত্তেফাক

20 AUG 2016

# অবকাঠামো না থাকায় শিবরাম প্রাইমারি স্কুলে পাঠদান ব্যাহত

■ সুন্দরগঞ্জ (গাইবান্ধা) সংবাদদাতা

উপজেলার পশ্চিম শিবরাম সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অবকাঠামো না থাকায় পাঠদান মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে।

১৯৯১ সালে এলাকার শিক্ষানুরাগী ব্যক্তিগণ পল্লি অঞ্চলে শিক্ষার মান উন্নয়নে ও শিক্ষার আলো ঘরে ঘরে পৌঁছে দেওয়ার লক্ষ্যে পশ্চিম শিবরাম প্রাথমিক বিদ্যালয়টি স্থাপন করেন। এলাকাবাসীর সাহায্য সহযোগিতায় দো-চালা বিশিষ্ট একটি টিন শেড ঘর নির্মাণ করে শিক্ষার্থীদের পাঠদান অব্যাহত থাকে। ২০১৩ সালে বিদ্যালয়টি জাতীয়করণ করা হয়। বর্তমানে বিদ্যালয়টিতে ২শ' ৫০ জন শিক্ষার্থী ও ৪ জন শিক্ষক রয়েছেন। প্রয়োজনের তুলনায় ভৌত অবকাঠামো না থাকায় শিক্ষার্থী ও শিক্ষকরা পাঠদানের ক্ষেত্রে বড় ধরনের সমস্যায় ভুগছেন। পর্যাপ্ত আসনের ব্যবস্থা না থাকায় শিক্ষার্থীরা প্রতিনিয়ত মাটিতে বসে পাঠদান নিচ্ছে।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইয়াকুব আলী জানান, বিদ্যালয়টি স্থাপনের পর থেকে সরকারি কোনো প্রকার অনুদান বা অবকাঠামো উন্নয়নে সহযোগিতা পাওয়া যায়নি।

উপজেলা শিক্ষা অফিসার আনোয়ারুল ইসলাম জানান, অবকাঠামো নির্মাণের জন্য চাহিদাপত্র পাঠানো হয়েছে।